



শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট

স্মারক নং-সাস্ট/পিআর/০৩/

তারিখ: ২৭ ফেব্রুয়ারি, ২০১৯

প্রেস বিজ্ঞপ্তি

আজ ২৭ ফেব্রুয়ারি, ২০১৯ শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট-এ সকাল ১১টায় ভাইস চ্যান্সেলর কার্যালয়ে মাননীয় ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ-এর নিকট বাংলাদেশ ব্যাংক আন্তঃঅফিস ক্রিকেট প্রতিযোগিতা-২০১৯ এর বিশেষ অতিথি সম্মাননা স্মারক হস্তান্তর করা হয়। এ সময় বাংলাদেশ ব্যাংকের জিএম সাজ্জাদ হোসেন, জিএম মাকসুদা বেগম, বাংলাদেশ ব্যাংক ক্লাব সিলেট-এর সভাপতি বিনয় ভূষন রায়, সাধারণ সম্পাদক মোহাম্মদ আলী আক্তার, যুগ্ম-সাধারণ সম্পাদক রাজেশ্বর ভট্টাচার্য উপস্থিত ছিলেন।

উল্লেখ্য গত ১-৪ ফেব্রুয়ারি শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় খেলার মাঠে বাংলাদেশ ব্যাংক আন্তঃঅফিস ক্রিকেট প্রতিযোগিতা-২০১৯ অনুষ্ঠিত হয়। প্রতিযোগিতার উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন বাংলাদেশ ব্যাংকের গভর্নর জনাব ফজলে কবির এবং বিশেষ অতিথি ছিলেন ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ।

(মুহাম্মদ ইশফাকুল হোসেন)
রেজিস্ট্রার